

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই, ১৩/বি, শেরে বাংলানগর
আগারগাঁও, ঢাকা-১২০৭



মুজিব বর্ষের অঙ্গীকার
বৈদেশিক অনুদানের যথাযথ ব্যবহার

স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬২.৬৮.১৪৮.২১-১১১১১

তারিখঃ ১৯/০৫/২০২২ খ্রিঃ


বিষয়ঃ “সিবিএম গ্লোবাল ডিজএ্যাবিলিটি ইনক্লুশন” নামীয় সংস্থার “সিবিএম গ্লোবাল ডিজএ্যাবিলিটি ইনক্লুশন, বাংলাদেশ কান্ট্রি অফিস-২০২২” শীর্ষক প্রকল্প অনুমোদনসহ অর্থছাড়।

সূত্রঃ সংস্থার ১৮ এপ্রিল ২০২২ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে তাঁর সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রকল্পটি ফেব্রুয়ারি/২২-ডিসেম্বর/২২ খ্রিঃ মেয়াদে বৈদেশিক অনুদান ৫,৪৫,৭২,৪২৬/- টাকা ও স্থানীয় অনুদান ১,০০,০০০/- টাকাসহ সর্বমোট ৫,৪৬,৭২,৪২৬/- (পাঁচ কোটি ছেচল্লিশ লক্ষ বায়াত্তর হাজার চারশত ছাব্বিশ) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত শর্তে অনুমোদনসহ প্রকল্পের বৈদেশিক বরাদ্দকৃত ৫,৪৫,৭২,৪২৬/- টাকার ৫০% অর্থ ২,৭২,৮৬,২১৩/- (দুই কোটি বায়াত্তর লক্ষ ছিয়াশি হাজার দুইশত তের) টাকা দাতা সংস্থা “CBM, Australia এর নিকট হতে কমার্শিয়াল ব্যাংক অব সিলন, বাংলাদেশ, কর্পোরেট ব্রাঞ্চ, হাদি ম্যানশন, ২ নং দিলকুশা বা/এ, ঢাকা, হিসাব নম্বর-২৮০-২০১-৩৯৬৮ (মাদার একাউন্ট)-এর মাধ্যমে নিম্নবর্ণিত শর্তে গ্রহণ ও ব্যয়ের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

শর্তসমূহঃ

- (ক) সংশ্লিষ্ট জেলা প্রশাসককে প্রকল্প কার্যক্রম সম্পর্কে অবহিত রাখতে হবে। এ লক্ষ্যে এফডি-৬ এর অনুলিপি সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট জেলা প্রশাসককে সরবরাহ করতে হবে।
- (খ) প্রকল্প বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন এনজিও বিষয়ক ব্যুরোতে দাখিল করতে হবে।
- (গ) প্রকল্প কার্যক্রমের অডিট রিপোর্ট প্রকল্প বর্ষ সমাপ্তির ০২(দুই) মাসের মধ্যে এনজিও বিষয়ক ও বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগে দাখিল করতে হবে।
- (ঘ) প্রকল্প বর্ষ সমাপ্তির ৩ মাসের মধ্যে পরিপত্রের ১১নং অনুচ্ছেদের (ক) থেকে ছ পর্যন্ত) আলোকে নির্ধারিত ৮টি ছকে প্রকল্পের বাস্তব অগ্রগতির বার্ষিক প্রতিবেদন এনজিও বিষয়ক ব্যুরোতে দাখিল করতে হবে।
- (ঙ) জাতীয় রাজস্ব বোর্ডের সার্কুলারের ভাষ্য মোতাবেক আয়কর/ভ্যাট ইত্যাদি যথারীতি কর্তন করতে হবে।
- (চ) পূর্বের সমাপ্ত প্রকল্পের অডিট রিপোর্ট ব্যুরোতে দাখিল এবং অডিট রিপোর্ট গৃহীত হওয়ার পর অবশিষ্ট ৫০% অর্থছাড়ের বিষয় বিবেচনা করা হবে।
- (ছ) প্রকল্পের কার্যক্রমে অর্ন্তভুক্ত সকল ওয়ার্কসপ, ট্রেনিং, ক্যাম্পেইন, এ্যাডভোকেসি, কম্পসালটেসি কার্যক্রমে আবশ্যিকভাবে এনজিও বিষয়ক ব্যুরোকে অর্ন্তভুক্ত রাখতে হবে।
- (জ) প্রকল্পের বিস্তারিত বাজেট সংস্থার সিজন্স ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।



মোছাম্মৎ হাসিনা আক্তার
(সিনিয়র সহকারী সচিব)
এসাইনমেন্ট অফিসার
ফোনঃ ৫৫০০৭৩৯৪

email: ao5@ngoab.gov.bd



তারিখঃ ১৯/০৫/২০২২ খ্রিঃ

কান্ট্রি ডিরেক্টর

সিবিএম গ্লোবাল ডিজএ্যাবিলিটি ইনক্লুশন

বাড়ি-৫৯, এপার্টমেন্ট-এ/১, রোড়-১, ব্লক-আই, বনানী, ঢাকা।

স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬২.৬৮.১৪৮.২১-

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, ঢাকা।
- ০৩। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক (পওনি), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৫। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (সংশ্লিষ্ট সকলকে ইমেইলে প্রেরণের অনুরোধ করা হলো)।
- ০৬। ম্যানেজার, কমার্শিয়াল ব্যাংক অব সিলন, বাংলাদেশ, কর্পোরেট ব্রাঞ্চ, হাদি ম্যানশন, ২ নং দিলকুশা বা/এ, ঢাকা [তাকে ছাড়কৃত ২,৭২,৮৬,২১৩/- (দুই কোটি বায়াত্তর লক্ষ ছিয়াশি হাজার দুইশত তের) টাকার অতিরিক্ত টাকা সংস্থার অনুকূলে প্রদান না করার জন্য অনুরোধ করা হলো]।
- ০৭। অফিস কপি।

মোছাম্মৎ হাসিনা আক্তার
এসাইনমেন্ট অফিসার